মুন্সিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ।

নম্বর ২৭.১২.৫৯৫৬.৫৬০.০২.০০৮.২১-১৫৬৯

তারিখ: ৮ কার্তিক ১৪২৮
২৪ অক্টোবর ২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিতে **"কাজ নাই মজুরী নাই"** এ শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে **"বিলিং সহকারী"** পদে জনবল নিয়োগের প্যানেল তৈরির নিমিত্ত যোগ্যতা সম্পন্ন মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকার প্রকৃত স্থায়ী বাসিন্দা মহিলা নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে। নিম্নে পদ সংক্রান্ত বিস্তারিত তথ্য উল্লেখ করা হলো।

ক্রঃ নং	পদের নাম ও সংখ্যা	বেতন	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	প্রার্থীর বয়স সীমা	যে জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন।
০১	**বিলিং সহকারী** "কাজ নাই মজুরী নাই" (শুধুমাত্র মহিলাদের জন্য সংরক্ষিত)। পদের সংখ্যা- ১৫ টি	দৈনিক ৮০০.০০ (আটশত) টাকা।	(ক) এইচএসসি বা সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে। (খ) প্রার্থীর গাণিতিক বিষয়ে ভাল জ্ঞানসহ কম্পিউটার পরিচালনায় জ্ঞান থাকতে হবে। (গ) প্রার্থীকে কম্পিউটারে বাংলায় প্রতি মিনিটে ১০ টি ও ইংরেজিতে প্রতি মিনিটে ৩০ টি শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।	২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ বছর ও অনুর্ধ্ব ৩০ বছর।	মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর ভৌগলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী মুন্সীগঞ্জ জেলার মুন্সীগঞ্জ সদর, শ্রীনগর, লৌহজং, সিরাজদিখান ও টংগীবাড়ী উপজেলা এবং নারায়ণগঞ্জ জেলার আলীরটেক ও বক্তাবলী ইউনিয়ন, শরীয়তপুর জেলার নড়িয়া ও ভেদরগঞ্জ উপজেলার চরআত্রা, কাচিকাঁটা ও নওপাড়া ইউনিয়ন, জাজিরা উপজেলার কুন্ডেরচর ইউনিয়ন, চাঁদপুর জেলার মতলব উপজেলার এখলাছপুর, মোহনপুর ও জহিরাবাদ (আংশিক) ইউনিয়নের স্থায়ী বাসিন্দাগণের মধ্যে শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন

শর্তাবলীঃ

০১। নির্ধারিত আবেদন ফর্ম (ভার্সন-০১) মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েবসাইট www.pbs.munshiganj.gov.bd হতে ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ)। আবেদন ফরম A-4 সাইজের কাগজে হতে হবে।

০২। নির্ধারিত আবেদন ফর্ম (ভার্সন-০১) ব্যতীত অন্য কোন আবেদন ফর্মে আবেদন করলে প্রার্থীর আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদন ফর্মটি প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে।

০৩। নির্ধারিত আবেদন ফর্মটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে গড়মিল পাওয়া গেলে যে কোন পর্যায়ে অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে বা পরে প্রার্থীতা বাতিল করা হবে।

০৪। আবেদনপত্রের সাথে প্রার্থীর চাহিত সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রের অনুলিপি (মার্কশীট/প্রসংশাপত্র গ্রহণযোগ্য নয়), নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র, সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (ছবি ও সকল অনুলিপি ১ম শ্রেনীর কর্মকর্তা কর্তৃক সত্যয়িত হতে হবে) এবং সিনিয়র জেনারেল ম্যানেজার,

মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ এর অনুকুলে ১০০.০০ (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

০৫। এ ধরনের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না এবং এ বিষয়ে প্রার্থীর কোন দাবীও গ্রহনযোগ্য হবে না। কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী যতদিন প্রয়োজন ততদিন "কাজ নাই মজুরী নাই" ভিত্তিতে এ নিয়োগ বলবৎ থাকবে।

০৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

০৭। নিয়োগ পরীক্ষা যে তারিখ অনুষ্ঠিত হবে তা আবেদনকারীকে ইমেইল/ডাকযোগে প্রেরিত প্রবেশপত্র মাধ্যমে জানানো হবে। এছাড়াও পূরণকৃত ফর্মে প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে।

০৮। বর্ণিত পদে লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।

০৯। প্রার্থীকে মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর যে কোন অফিসে চাকুরি করতে বাধ্য থাকতে হবে।

১০। মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের অথবা অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং তাদের স্বামী বা স্ত্রীর রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না। তথ্য গোপন করে রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করে নিয়োগপ্রাপ্ত হন এবং পরে যদি তা উৎঘাটিত হয়, তাহলে কোন রকম নোটিশ ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে তাকে চাকুরিচ্যুত করা হবে। একইসাথে বর্ণিত অনিয়মের সাথে সম্পৃক্ত সমিতির সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহনের পদক্ষেপ নেয়া হবে।

১১। আবেদনকারী সিনিয়র জেনারেল ম্যানেজার, মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, বরাবর খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক ক্রমিক নং ০১ এ বর্ণিত আবেদন ফর্ম ডাউনলোড করে স্বহস্তে পূরণ করার পর চাহিত কাগজপত্রাদি সংযুক্ত করে আগামী ১৪/১১/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করবেন। এছাড়া সরাসরি আবেদনপত্র মুন্সীগঞ্জ পবিস এর সদর দপ্তরে জমা প্রদান করতে পারবেন।

১২। এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে নিয়োগ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নহে।

২৪-১০-২০২১
এ এইচ এম. মোবারক উল্ল্যা
সিনিয়র জেনারেল ম্যানেজার
ফোন: ০২৭৬১২৭৪৭
ইমেইল: mngpbs@yahoo.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

২) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৩) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সিগঞ্জ

৬) সকল পবিস

৭) একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৮) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীনগর, মুন্সিগঞ্জ

৯) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,সিরাজদিখান,মুন্সীগঞ্জ

১০) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মুন্সিগঞ্জ সদর

১১) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,টংগীবাড়ী,মুন্সীগঞ্জ

১২) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লৌহজং, মুন্সীগঞ্জ

১৩) ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কারিগরী) বিভাগ, মুন্সিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

১৪) এজিএম (অর্থ-হিসাব), অর্থ (হিসাব) বিভাগ, মুন্সিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

১৫) এজিএম (অর্থ-রাজস্ব) (অতিরিক্ত দায়িত্ব), অর্থ (রাজস্ব) বিভাগ, মুন্সিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

১৬) এজিএম (সদস্য সেবা), সদস্য সেবা বিভাগ, মুন্সিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

১৭) এজিএম (আইটি), আইটি বিভাগ, মুন্সিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

১৮) এজিএম (ওএন্ডএম), ওএন্ডএম বিভাগ, মুন্সিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

১৯) এজিএম (ইএন্ডসি), ইএন্ডসি বিভাগ, মুন্সিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

২০) এজিএম (প্রশাসন), প্রশাসন বিভাগ, মুন্সিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি